যুগান্তর

22 APR 2016
পৃ. 26 কলাম 6

# শিক্ষার্থীদের খেলাধুলার সুযোগ নিশ্চিত করতে শিক্ষামন্ত্রীর নির্দেশ

যুগান্তর রিপোর্ট

ছাত্রছাত্রীদের খেলাধুলার সুযোগ নিশ্চিত করতে সব শিক্ষাপ্রতিষ্ঠানকে নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বৃহস্পতিবার রাজধানীর নায়েমে এক অনুষ্ঠানে তিনি এ নির্দেশ দিয়ে বলেন, যেসব শিক্ষাপ্রতিষ্ঠানের খেলার মাঠ নেই তাদের যেটুকু জমি আছে সেখানেই খেলাধুলার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে পার্শ্ববর্তী শিক্ষাপ্রতিষ্ঠানের মাঠ ব্যবহার করা যাবে। গত বছরের সেপ্টেম্বরে অনুষ্ঠিত ৪৪তম গ্রীষ্মকালীন স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতা এবং এ বছর জানুয়ারিতে অনুষ্ঠিত ৪৫তম শীতকালীন স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতার চ্যাম্পিয়ন ও রানারআপ ৫৬ শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে ক্রীড়া সামগ্রী ও চেক বিতরণ উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতি এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন।